গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

## মার্চ ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোহাম্মদ জিয়াউল হক
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ৩১ মার্চ ২০২৬
সময় : বেলা: ৩.৩০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-৮২৮)
উপস্থিত : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা:**<br>২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, ৪৫তম হতে ৪৭তম বিসিএস এর মাধ্যমে পূরণের নিমিত্ত সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর নিয়োগযোগ্য ৭৪টি (অতিরিক্ত ২৯টি পদের চাহিদাসহ) পদের প্রস্তাব এবং উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) পদে পদোন্নতি (নিয়মিত হিসেবে) বিবেচনায় সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর ৪১টি পদ ৫০তম বিসিএস মাধ্যমে পূরণের প্রস্তাব এ বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে মোতাবেক পিএসসি কর্তৃক ৫০তম বিসিএস এর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। পদোন্নতিযোগ্য পদ শূন্য সাপেক্ষে পূরণের প্রস্তাব মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হচ্ছে। এছাড়া, ১০ম-২০তম গ্রেডের মামলা বহির্ভূত পদসমূহে নিয়োগ প্রক্রিয়ায় ও পদোন্নতি কার্যক্রম চলমান। ১৪-২০তম গ্রেডের ১৮৮টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে ২৬.০১.২০২৬ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে নিয়োগ কমিটির সভা ০৬.০৪.২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে।<br>বিআরটিএ'র চেয়ারম্যান জানান, সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) (৯ম গ্রেড) পদে নিয়োগের লক্ষ্যে ২৬ জনকে পিএসসি কর্তৃক সুপারিশ করা হয়েছে। এ বিভাগ হতে পুলিশ ভেরিফিকেশনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ডোপ টেস্টের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। ডিটিসিএ, ডিএমটিসিএল এর প্রধানগণ জানান যথা নিয়মে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম চলমান আছে। | (১) দপ্তর/সংস্থায় সকল গ্রেডের শূন্যপদ পূরণের উদ্যোগ নিতে হবে।<br>(২) ৪৫তম হতে ৪৭তম এবং ৫০তম বিসিএস এর মাধ্যমে সওজ অধিদপ্তরের শূন্য পদ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(৩) সওজ অধিদপ্তরে ১৬-২০তম গ্রেডের শূন্য পদে নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।<br>(৪) সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) (৯ম গ্রেড) পদে সুপারিশ প্রাপ্ত ২৬ জনের পুলিশ ভেরিফিকেশন ও ডোপ টেস্টের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২) |
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭১৭০ | ১০৭২ | ৫৫১২ | ৫৮৬ | ০ | ৭১৭০ | ৪ | ৭১৬৬ |
| বিআরটিসি | ১১৮৩ | ২০১ | ৮৮২ | ১০০ | ০ | ১১৮৩ | ৯ | ১১৭৪ |
| বিআরটিএ | ৪৪৫ | ২৬৬ | ১৭৯ | - | ০ | ৪৪৫ | ০ | ৪৪৫ |
| ডিটিসিএ | ৩৪ | ১৩ | ২১ | ০ | ০ | ৩৪ | ০ | ৩৪ |
| ডিএমটিসিএল | ১১২ | ২৭ | ৮৫ | ০ | ০ | ১১২ | ০ | ১১২ |
| ঢাকা বিআরটি | ৮ | ১ | ৩ | ৪ | ০ | ৮ | ০ | ৮ |
| মোট | ৮৯৫৫ | ১৫৮১ | ৬৬৮৪ | ৬৯০ | ০ | ৮৯৫৫ | ১৩ | ৮৯৪২ |

**জানুয়ারি'২৬ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮৯৫৫টি। ফেব্রুয়ারি ২৬ মাসে ১৩টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯৪২টি।**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান, আগামী ৩০ জুনের মধ্যে অডিট আপত্তির সংখ্যা অর্ধেকে কমিয়ে আনার লক্ষ্যে নিম্নরূপ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :<br>ক) প্রতিমাসে ন্যূনতম ৫টি ত্রি-পক্ষীয় সভা আয়োজন<br>(খ) আপত্তির গুরুত্বানুযায়ী অডিট আপত্তির শ্রেনিবিন্যাসকরণ<br>(গ) অডিট শাখা থেকে প্রতিদিন ন্যূনতম অডিট আপত্তির ৫টি অনুচ্ছেদের বিপরীতে ব্রডশিট জবাব নথিতে উপস্থাপন<br>(ঘ) আওতাধীন দপ্তর/সংস্থা'র অডিট সংক্রান্ত কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিমাসের ১ম/২য় সপ্তাহে অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ)/যুগ্মসচিব (বাজেট ও অডিট অধিশাখা) এর সভাপতিত্বে অগ্রগতি/পর্যালোচনা সভা আয়োজন করা।<br>সভাকে আরো জানানো হয়, এ বিভাগের অতিরিক্ত সচিব থেকে সিনিয়র সহকারী সচিবদেরকে ত্রি-পক্ষীয় সভা করার জন্য এলাকাভিত্তিক দায়িত্ব দেয়া হয়েছে। নিয়মিত সভা করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। যুগ্মসচিব (পরিকল্পনা ও কার্যক্রম) জানান, GPMS এ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্য ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রস্তুতি এবং তা নির্ধারিত সময়ের পূর্বে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/কর্মকর্তাকে অবহিত করার জন্য তিনি দপ্তর/সংস্থা প্রধানদের অনুরোধ জানান। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করার জন্য দপ্তর/সংস্থায় ১জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন পূর্বক এ বিভাগের অডিট শাখাকে অবহিত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>(২) দপ্তর/সংস্থাকে প্রতি মাসে প্রয়োজন সংখ্যক ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রস্তুতি নিতে হবে এবং নির্ধারিত সময়ের পূর্বে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/কর্মকর্তাকে জানাতে হবে।<br>(৩) অডিট শাখা ত্রি-পক্ষীয় সভায় আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করবে এবং দপ্তর/সংস্থা হতে সভার কার্যপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সরবরাহ করবে।<br>(৩) GPMS এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে।<br>(৪) অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করার জন্য দপ্তর/সংস্থায় ১ জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নপূর্বক এ বিভাগের অডিট শাখাকে অবহিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |
| ৪. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. বৃক্ষরোপন:**<br>(ক) মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ৫ বছরে সারা দেশে ২৫ কোটি বৃক্ষরোপন কার্যক্রমের অংশ হিসেবে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক আগামী ৫ বছরে ৩৪,৯৯,৭৮৮টি বৃক্ষরোপণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ০১ এপ্রিল ২০২৬ তারিখে মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এই বৃক্ষরোপন কার্যক্রমের উদ্বোধন করবেন। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত সময়ে বৃক্ষরোপন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। সওজ অধিদপ্তরের অব্যবহৃত জমিতে চারা উৎপাদনের লক্ষ্যে নার্সারী তৈরীর উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি প্রধান প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন।<br><br>(খ) উপসচিব (সওজ সংস্থাপন-২) জানান, ল্যান্ডস্ক্যাপ নীতিমালার খসড়ার ওপর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মতামত পাওয়া গিয়েছে। মতামতের আলোকে নীতিমালা চূড়ান্ত করার লক্ষ্যে স্টেক হোল্ডার সভা আয়োজনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | (ক) (১) প্রত্যেক দপ্তর/সংস্থার ৫ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বৃক্ষরোপনের কার্যক্রম শুরু করতে হবে।<br>(ক) (২) সওজ অধিদপ্তরের অব্যবহৃত জমিতে চারা উৎপাদনের লক্ষ্যে নার্সারী তৈরীর উদ্যোগ নিতে হবে।<br>(খ) ল্যান্ডস্ক্যাপ নীতিমালার খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে সভার তারিখ ও সময় নিয়ে সভা আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| | **খ. টোল আদায়:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৯টি বন্ধ টোলপ্লাজা চালুর নিমিত্ত সর্বাত্তক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয় সভাপতি বলেন, টোল আদায় সরকারের রাজস্ব আদায়ের একটি অন্যতম মাধ্যম। তাই বন্ধ টোল প্লাজাগুলো দ্রুত চালুর বিষয়ে জোরালো পদক্ষেপ নিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ করার জন্য প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | (১) এপ্রিল ২০২৬ এর মধ্যে টোলপ্লাজাসমূহ চালু করতে হবে।<br>(২) আগামী ৭ দিনের মধ্যে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের সাথে পুনরায় যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল) |
| | **গ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। ৬৫টি সড়ক বিভাগ থেকে প্রাপ্ত জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া গিয়েছে। ভূমি নামজারির জটিলতা | (১) ভূমি নামজারির জটিলতা নিরসনকল্পে এ বিভাগের পত্রের প্রেক্ষিতে করণীয় বিষয়ে ভূমি মন্ত্রণালয়ে কি ধরণের পদক্ষেপ নিয়েছে তা | অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>নিরসনের লক্ষ্যে গত ০৯.১২.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক এ বিভাগ হতে গত ২৬.০১.২০২৬ তারিখে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>জানতে হবে। প্রয়োজনে ভূমি মন্ত্রণালয়ে তাগিদপত্র দিতে হবে।</td><td>(সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঘ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। মার্চ'২০২৬ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৭৩</td><td>১৫</td><td>৫৮৮</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১১</td><td>১৪</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৮৯৭</td><td>৩১</td><td>৯২৮</td></tr>
</table>
এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার পেন্ডিং মামলার কার্যক্রম ও অগ্রগতির উপর একটি সভা আয়োজনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) দপ্তর/সংস্থার পেন্ডিং মামলার কার্যক্রম ও অগ্রগতির উপর সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করতে হবে।<br>(২) মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঙ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল. নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৩১.৩০.২৬০৮.০০১.০৪.২৪৯/১৮. ২০২৩-৭৩১(সং) তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল নথি প্রেরণ করা হলে জেলা প্রশাসক, ঢাকা নালিশী ভূমি আরএস- ৮নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ ও সিটি জরিপ ৩নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে সড়ক ও জনপথ বিভাগ এর নামে রেকর্ডভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকাকে ১৪ আগস্ট ২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ করে সর্বশেষ অগ্রগতি আগামী সভাকে অবহিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>চ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ আদালতে আপীল দায়েরp করা হয়েছে; যার আপীল নং-এফ.এ.টি-৪০৯/২০২৫।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধারের বিষয়টি আদালয়তে কোন পর্যায়ে আছে তা আগামী সভাকে অবহিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ছ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং-৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং- ১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করণের লক্ষ্যে রিট নং-৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং-৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) নিয়ে কতটি মামলা হয়েছে। মামলাগুলো সর্বশেষ অবস্থা কি তা আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>জ. মাদারীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনা<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, মাদারীপুর সদর উপজেলাধীন ১২৩ নম্বর কুকরাইল মৌজার ১১১/৬১-৬২ নম্বর এলএ কেসের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তর নামে অধিগ্রহণকৃত ৭.২৩ একর ভূমি যা জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক মিস কেস নম্বর ৩/২০০৪-০৫ এর মধ্যমে রিজিউম করা হয়। উক্ত রিজিউম বাতিল করার জন্য ভূমি মন্ত্রণালয়ে গত ৩১.০৫.২০২২ তারিখে পত্র দেয়া হয়। কোনো অগ্রগতি না হওয়ায় গত ২৭.০৫.২০২৫ তারিখে তাগিদপত্র দেয়া হয়। অদ্যবধি ভূমি মন্ত্রণালয় হতে কোনো জবাব পাওয়া যায়নি।</td><td>গত ৩১.০৫.২০২২ ও গত ২৭.০৫.২০২৫ তারিখের পত্রের রেফারেন্স অনুযায়ী ভূমি মন্ত্রণালয় গিয়ে সংশ্লিষ্ট শাখায় সরাসরি খোঁজ নিতে হবে এবং বিষয়টি আগামী সভায় অবহিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঝ. অবৈধ স্থাপনা অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, আইন শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় রেখে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশকে অবহিত করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়। ফেব্রুয়ারি ২০২৬ মাসে ১৩৬৪.০১ শতাংশ জায়গা উদ্ধার এবং ১৭৪৮টি অবৈধ স্থাপনা অপসারণ করা হয়েছে।</td><td>(১) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক দখল বুঝে নিতে হবে এবং দখলে রাখতে</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উদ্ধারেরকৃত জায়গা দখলে রাখতে বেস্টনী বা বৃক্ষরোপন করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | বেস্টনী বা বৃক্ষরোপন করতে হবে।<br>(২) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা আরো জোরদার করতে হবে এবং উচ্ছেদ অভিযানের বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঞ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান,<br>(১) সওজ এর সকল টোল প্লাজায় ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে স্বয়ংক্রিয় ETC কার্যক্রম টেস্ট রান হিসেবে চালানোর লক্ষ্যে একটি খসড়া সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগ হতে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর গত ৩.০২.২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br>(২) চেয়ারম্যান, বিআরটিএ জানান, মোটরযানে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রমের অংশ হিসেবে গত আগস্ট ২০২৩ থেকে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে সমন্বয় সাধন করে মেঘনা-গোমতী সেতুর টোল প্লাজায় তাৎক্ষণিক অকার্যকর আরএফআইডি ট্যাগ প্রতিস্থাপনের উদ্যোগ গহণ করা হয়। পরবর্তীতে মেঘনা-গোমতী সেতুর টোল প্লাজায় অপর্যাপ্ত মোটরযানের উপস্থিতি হওয়ার কারণে বিআরটিএ-এর ৭০টি সার্কেল অফিসে মোটরযানের ফিটনেস সনদ নবায়নকালে বাধ্যতামূলকভাবে অকার্যকর আরএফআইডি ট্যাগ তাৎক্ষণিকভাবে প্রতিস্থাপনের কার্যক্রম শুরু হয় এবং এ কার্যক্রম চলামান রয়েছে। | (১) ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU ভেটিং করে ১৫.০৪.২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br>(২) গাড়ীতে আরএফআইডি ট্যাগ লাগানো কার্যক্রম আরো জোরদার করতে হবে। বর্তমানে কোন কোন স্থান হতে আরএফআইডি লাগানো হয় তা আগামী সভাকে অবহিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| | **ট. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৬**<br>সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৬ এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে গঠিত কমিটির সভা ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই পরবর্তী সভা আহবান করা হবে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৬ খসড়া চূড়ান্ত করতে হবে। | সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত কমিটি কর্তৃক কারিগরি বিনির্দেশ (Technical Specification), দাপ্তরিক প্রাক্কলন (Official Estimate) প্রস্তুতপূর্বক গত ১৯.১২.২০২৫ তারিখে ই-জিপি সিস্টেমে টেন্ডার আহবান করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। ফেব্রুয়ারি মাসে ১১১২ টি ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট করা হয়েছে। জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রয়েছে। | (১) ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম কত দিনের মধ্যে সম্পন্ন হবে বিষয়টি অবহিত করতে হবে।<br>(২) গ্রহকের চাহিদা অনুযায়ী ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম বাড়াতে হবে। পাশাপাশি জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| | **খ. ভেহিকল ইমিশন টেস্টিং সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে 'বাংলাদেশ ক্লিন এয়ার প্রজেক্ট (BCAP)- ফেজ-১: কম্পোনেন্ট ২.১ (ভেহিক্যাল ইমিশন কন্ট্রোল) শীর্ষক প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে বৈদেশিক অর্থায়নে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত ছিল। তবে, ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপি'র অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত নেই বিধায় সংশোধিত এডিপি'র অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্ত গত ২৭ জানুয়ারি ২০২৬ তারিখ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ হতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য এ বিভাগ হতে গত ১১.০৩.২০২৬ তারিখে ভৌত অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ০৭ (সাত)টি ভিআইসি স্থাপন বিষয়ে 'বাংলাদেশ ক্লিন এয়ার প্রজেক্ট (BCAP)' ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপি'র অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির বিষয়ে ভৌত অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে সাথে যোগাযোগ রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিএ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |
| | **ঘ. গণপরিবহনে জিপিএস সিস্টেম চালু:**<br>গণপরিবহনের গতিবিধি ও যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে গণপরিবহনে জিপিএস সিস্টেম চালুর উদ্যোগ নেয়া হয়েছে। বেসরকারী মালিক পক্ষের সাথে আলোচনা চলছে। শিঘ্রই মালিক ও সংশ্লিষ্টদের নিয়ে সভা করা হবে। সকলের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে গণপরিবহনে জিপিএস সিস্টেম চালুর ব্যবস্থা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট)/যুগ্মসচিব (বিআরটিএ) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঙ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। ফেব্রুয়ারি ২০২৬ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br>দুর্ঘটনার সংখ্যা: ৩২৩; নিহতের সংখ্যা: ৩২৮; আহতের সংখ্যা: ৪৬৭<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, ২০২৫-২০২৬ অর্থবছরে (জুলাই-জানুয়ারি) মাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় ৪,৮৭,৩৭৫টি লিফলেট ও ২,৭৮,৩২০টি পোস্টার এবং স্টিকার বিতরণ করা হয়েছে। এ কার্যক্রম বর্তমানে অব্যাহত আছে।<br>(৩) রোড সেফটি আইন প্রণয়নের কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে উক্ত উপ-কমিটি কর্তৃক গত ১৯.০১.২০২৬ ও ২১.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার প্রেক্ষিতে খসড়া আইনের ধারাসমূহ পর্যালোচনাপূর্বক সংযোজন বিয়োজন করে প্রণয়নকৃত 'সড়ক নিরাপত্তা আইন-২০২৬ এর খসড়া চূড়ান্ত করে গত ০২.০২.২০২৬ তারিখে কমিটির সভাপতি অতিরিক্ত সচিব (এস্টেট) বরাবর দাখিল করা হয়েছে। গত ১১.০৩.২০২৬ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। এপ্রিল ২০২৬ মাসে ৩ (তিন) দিনব্যাপী সড়ক নিরাপত্তা আইন বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে।<br>(৪) Traffic Management Centre (TMC) হতে ডাটা সরবরাহ ও প্রয়োগের লক্ষ্যে একটি কাঠামো প্রণয়নের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর, হাইওয়ে পুলিশ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিআরটিএ এর সমন্বয়ে গত ২১.১২.২০২৫ আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক বিআরটিএ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছে।<br>(৫) ঈদের যাত্রায় মহাসড়কে পাথর ও মাটি ভর্তি ট্রাক চলাচল খুবই ঝুঁকিপূর্ণ এতে যানজটসহ অনাকাঙ্খিত দুর্ঘটনা ঘটে। তাই আগামী পবিত্র ঈদ-উল আযহার সময় ট্রাক চলাচল বন্ধের বিষয়ে গণবিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) রোড সেফটি আইন প্রণয়ন কাজ ত্বরান্বিত করতে হবে।<br>(৪) TMC হতে ডাটা সরবরাহ ও প্রয়োগের লক্ষ্যে এপ্রিল ২০২৬ এর মধ্যে একটি কাঠামো প্রণয়ন করতে হবে।<br>(৫) পবিত্র ঈদ-উল আযহার সময় পাথর ও মাটি ভর্তি ট্রাক চলাচল বন্ধের বিষয়ে গণবিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব (এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ/সড়ক নিরাপত্তা) |
| | **চ. লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ:**<br>বিআরটিএ হতে জানানো হয়েছে, ড্রাইভিং লাইসেন্স প্রদানের বিদ্যমান পদ্ধতি পরিবর্তন করে সেন্সর বেইজড ট্র্যাক টেস্টের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে সে লক্ষ্যে সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ সংশোধনের নিমিত্ত গত ১৭.১১.২০২৫ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ সংশোধন করা হলে বিদ্যমান পদ্ধতি বিলুপ্ত হয়ে যাবে। সে অনুযায়ী কর্মপদ্ধতি পরিবর্তন হবে বিধায় সে আলোকে MoU স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন হবে। | বিআরটিসি'র প্রশিক্ষণ কার ও ভেন্যু ব্যবহার ও ফি আদায়ের বিষয়ে বিআরটিসি ও বিআরটিএ এর চেয়ারম্যানগণ নিজেদের মধ্যে বিষয়টি নিয়ে আলোচনা করবেন। এবং বিষয়টি আগামী সভাকে অবহিত করবেন। | চেয়ারম্যান, বিআরটিসি/ চেয়ারম্যান, বিআরটিএ |
| | **ছ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে ফেব্রুয়ারি ২০২৬ মাসে ৪৪২৪টি মামলায় ৬২,৫৫,৬৯০/- (বাষট্টি লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত নব্বই) টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়া ০৭ জন দালালকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ১০৯ টি গাড়ি ডাম্পিং করা হয়েছে।<br>বিআরটিএ'র প্রতিনিধি আরো জানান, বর্তমানে বিআরটিএ-তে নির্বাহী ম্যাজিস্ট্রেটের সংখ্যা খুবই কম। ঈদ যাত্রায় পরিবহনে শৃঙ্খলা ও অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা খুবই অপরিহার্য। কিন্তু বিভাগীয় ও জেলা শহরে বিআরটিএ'র ম্যজিস্ট্রেট না থাকায় মোবাইল কোর্ট পরিচালনা সম্ভব হয়না। তাই আসন্ন ঈদ-উল আযহার সময় অতিরিক্ত ম্যাজিস্ট্রেট পদায়ন এবং জেলাপ্রশাসনকে মোবাইল কোর্ট কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য চেয়ারম্যান, বিআরটিএ এবং অতিরিক্ত সচিব (এস্টেট)কে সভায় পরামর্শ প্রদান করা হয়। | (১) ঈদ যাত্রায় গণপরিবহনে শৃঙ্খলা ও অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অতিরিক্ত ম্যাজিস্ট্রেট পদায়ন এবং জেলাপ্রশাসনকে এর সাথে সম্পৃক্ত করতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(২) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ) |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি কর্তৃক ভারত হতে ক্রয়কৃত ০২টি অশোক লেল্যান্ড চেসিস এ বিআরটিসি'র নিজস্ব অর্থায়ন ও কারিগরি ব্যবস্থাপনায় গাজীপুরে অবস্থিত সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা (আইসিডব্লিউএস) এর মাধ্যমে ০২টি এসি বাস প্রস্তুত করা হয়। উক্ত বাস ০২টি গত ০৭/০২/২০২৬ তারিখ চলাচলের জন্য উদ্বোধন করা হয়েছে। নিজস্ব উদ্যোগে আরো গাড়ী তৈরীর সক্ষমতা অর্জনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। ঢাকা-বরিশাল রুটে | (১) নিজস্ব উদ্যোগে আরো গাড়ী তৈরীর সক্ষমতা অর্জন করতে হবে।<br>(২) ঢাকা-বরিশাল রুটে বিআরটিসি'র বাসের সংখ্যা | চেয়াম্যান, বিআরটিসি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | চাহিদার তুলনায় বিআরটিসি'র বাস সংখ্যা কম হওয়ায় এই রুটে বাসের সংখ্যা বাড়ানোর পরামর্শ দেয়া হয়। | বাড়াতে হবে। | |
| | **খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস ক্রয়**<br>বিআরটিসি'র ৩৪০টি এসিবাস সংগ্রহের লক্ষ্যে সরবরাহকারী নিয়োগের লক্ষ্যে গত ০১/১২/২০২৫ তারিখ দরপত্র আহবান করা হয় এবং ২৯ মার্চ ২০২৬ মাসে দরপত্র উন্মুক্তকরা হয়েছে। দরপত্র মূল্যায়নের কার্যক্রম চলমান। | দরপত্র মূল্যায়ন কার্যক্রম কবে নাগাদ সম্পন্ন হবে তা অবহিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ঘ. চার্জিং স্টেশন স্থাপন:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান,<br>(১) GoB অর্থায়নে বিআরটিসি কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে "বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের আওতায় ১২টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহ করা হবে। গত ৩০/৯/২০২৪ তারিখের পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/১০/২০২৫ তারিখে GoB অর্থায়নের প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে।<br>(২) বৈদ্যুতিক একতলা এসি বাসগুলো প্রাথমিকভাবে চার্জ করার জন্য UNDP-এর অর্থায়নে "Bangladesh Enabling Electric Vehicle Adoption (BEEVA) in the Framework of Sustainable Energy based Transportation" শীর্ষক প্রকল্পের আওতায় ০৪টি চার্জিং স্টেশন স্থাপন করা হবে। | (১) GoB অর্থায়নে ১২টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহে অর্থায়নের প্রকৃতি নির্ধারণ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে এবং তাগিদ দিতে হবে।<br>(২) চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে সর্বশেষ অগ্রগতি কি তা আগামী সভাকে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) /চেয়ারম্যান, বিআরটিসি/সিনিয়র সহকারী সচিব (পিপিপি ও সমন্বয়) |
| | **ঙ. মিনি বাস ও কার্গো ট্রাক সংগ্রহ:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র জন্য এসি মিনিবাস সংগ্রহ শীর্ষক প্রকল্পের ডিপিপি এবং কার্গো ট্রাক সংগ্রহ শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক গত ০৯/০২/২০২৬ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | মিনি বাস ও কার্গো ট্রাক সংগ্রহ শীর্ষক প্রকল্পের ডিপিপির উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি |
| | **চ. ড্রাইভার প্রশিক্ষণ:**<br>রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে গত ০৫/০২/২০২৬ তারিখে বিআরটিসি, বিআরটিএ ও সওজ অধিদপ্তরের মধ্যে একটি ত্রি-পক্ষীয় MoU স্বাক্ষরিত হয়। মে ২০২৬ সময়ের মধ্যে প্রশিক্ষণ শুরু করার পরিকল্পনা রয়েছে। | রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম শুরু করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (জিএফডিপি) |
| | **ছ. নারীদের জন্য বিআরটিসি'র বাস সার্ভিস চালু**<br>চেয়ারম্যান বিআরটিসি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা শহরে নারীদের চলাচলের সুবিধার্থে বিআরটিসি'র আলাদা মহিলা বাস সার্ভিস চালুর অভিমত ব্যক্ত করেছেন। এ বিষয়ে ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। শীঘ্রই ঢাকা শহরে মহিলা বাস সার্ভিস চালু করা হবে। | ঢাকা শহরে মহিলা বাস সার্ভিস চালু করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ছ. বিআরটিসি'র প্রকল্প গ্রহণ:**<br>বিআরটিসিতে গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত ২টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। প্রক্রিয়াধীন ২টি প্রকল্পের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ:<br>(ক) মোটরযান চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। (২০২৫-২৬ অর্থবছরের এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত)। — পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/৬/২০২৫ তারিখে GoB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়।<br>বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ। (২০২৫-২৬ অর্থবছরের এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত)। — পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/১০/২০২৫ তারিখে GoB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়। | প্রক্রিয়াধীন প্রকল্পগুলো অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (পিপিপি ও সমন্বয়) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>উপসচিব (ডিটিসিএ) জানান, "সমন্বিত টিকেটিং ব্যবস্থাপনা ও Special Purpose Company (SPC) গঠন" বিষয়ে গত ০৩.০২.২৬ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় Special Purpose Company (SPC) গঠনের পূর্ণাঙ্গ প্রস্তাব পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ডিটিসিএ হতে দ্রুত পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ডিটিসিএ হতে দ্রুত Special Purpose Company (SPC) গঠনের পূর্ণাঙ্গ প্রস্তাব ৩০.০৪.২০২৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>ডিটিসিএ'র প্রতিনিধি জানান, বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ এর কয়েকটি তফসিলের খসড়া প্রস্তুত কাজ চলমান আছে। সংশ্লিষ্ট সকল পক্ষের (মালিক পক্ষ ও ডিএমপি) সাথে কয়েকটি সভায় আলোচনাপূর্বক রুট সংখ্যার বিষয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। যা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website এ মতামত গ্রহণের লক্ষ্যে | মতামত সংগ্রহপূর্বক বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ এর খসড়া | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (ডিটিসিএ) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>আপলোড করা হয়েছে।</td><td>প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।</td><td></td></tr>
<tr><td></td><td>গ. ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কিত উপস্থাপনা:<br>ডিটিসিএ'র সার্বিক কার্যক্রম সম্পর্কে অবগত হওয়ার লক্ষ্যে সভাপতি মহোদয় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদানের জন্য ডিটিসিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।</td><td>ডিটিসিএ'র সার্বিক কার্যক্রম সম্পর্কে অবগত হওয়ার লক্ষ্যে সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের আয়োজন করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/উপসচিব (ডিটিসিএ)</td></tr>
<tr><td>৮.</td><td>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)<br>মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:<br>ডিএমটিসিএল এর নিজস্ব ব্যবস্থায় মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট Universal Ticketing System (UTS) সিস্টেম এবং ডিটিসিএর তৈরীকৃত সিস্টেমটি পর্যালোচনার জন্য গত ০৪.০৩.২০২৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। আরো পর্যালোচনার জন্য শীঘ্রই আরো একটি সভা আহবান করা হবে।</td><td>এপ্রিল ২০২৬ এর মধ্যে সভা করে মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট সিস্টেম চালুর বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td>৯.</td><td>ঢাকা বিআরটি :<br>ক. বিআরটি করিডোরে টোল আদায়:<br>যুগ্মসচিব (সওজ সংস্থাপন ও টিএ) জানান, বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ (সিভিল কাজ) বিষয়ে সওজ অধিদপ্তর হতে চাহিদা এখনও পাওয়া যায়নি। টোল আদায় কার্যক্রমে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের প্রস্তাব বিআরটিএ হতে এ বিভাগে পাওয়া গিয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।</td><td>(১) টোল আদায়ের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ (সিভিল কাজ) বিষয়ে সওজ অধিদপ্তর হতে চাহিত তথ্যাদির জন্য তাগিদ দিতে হবে।<br>(২) আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের প্রস্তাবের উপর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/ উপসচিব (টোল ও এক্সেল)</td></tr>
<tr><td>১০</td><td>সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>ক. Grievance Redress System (GRS):<br>ফেব্রুয়ারি ২০২৫ মাসে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় জিআরএস সংক্রান্ত তথ্য:
<table>
<tr><th>বিভাগ/দপ্তর/সংস্থা</th><th>পূর্বের জের</th><th>প্রাপ্ত অভিযোগ</th><th>মোট</th><th>অন্য দপ্তরে প্রেরণ</th><th>নিষ্পত্তি</th><th>মোট অনিষ্পন্ন</th></tr>
<tr><td>সড়ক পরিবহন ও মাহাসড়ক বিভাগ</td><td>২</td><td>১৯</td><td>২১</td><td>১৯</td><td>১</td><td>১</td></tr>
</table>
অভিযোগের বিষয়ে আমলে নিয়ে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্যোগী হওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) দপ্তর/সংস্থার জিআরএস এর তথ্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td></td><td>খ. Public Service Innovation:<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, বাস্তাবয়নযোগ্য ইনোভেশন আইডিয়ার একটি পরিকল্পনা প্রস্তুতের কাজ চালমান আছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন টীম পুনর্গঠন করা হয়েছে। রাজস্ব সংগ্রহে বিআরটিসি'র ট্রাক এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মেরামত কাজে নিয়োজিত যন্ত্রপাতি ব্যক্তিগত ও প্রাইভেট সেক্টেরে এ্যাপসের মাধ্যমে ভাড়া প্রদান বিষয়ে একটি আইডিয়া গ্রহণের পরিকল্পনা রয়েছে। বিষয়টি নিয়ে ইনোভেশন কমিটির সভায় বিস্তারিত আলোচনা হবে।</td><td>বাস্তাবয়নযোগ্য ইনোভেশন আইডিয়ার একটি পরিকল্পনা এপ্রিল ২০২৬ সময়ের মধ্যে প্রস্তুত করতে হবে।</td><td>চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td>১১.</td><td>বিবিধ<br>ক. ইন্টার্নশিপ কোর্স চালু:<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২০২৫-২০২৬ অর্থবছরের এ বিভাগে ১ জন, সওজ অধিদপ্তর কর্তৃক-৫ জন এবং ডিটিসিএ কর্তৃক-২ জন, ডিএমটিসিএল কর্তৃক ২ জন জন ইন্টার্ন নিয়োগ সম্পন্ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ইন্টার্ন সম্পন্নকারীদের গত ০৮.০৩.২০২৬ তারিখে সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। মন্ত্রণালয় হতে দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ কার্যক্রম তদারকি করা হচ্ছে। সভাপতি বলেন, ইন্টার্নশীপ প্রদানের ক্ষেত্র/বিষয় বাছাই করে নিতে হবে, যাতে করে ইন্টার্নগণ তাদের মেধা ও দক্ষতা কাজে লাগিয়ে ইনোভেটিভ কোনো আইডিয়া সৃষ্টি করতে পারে।</td><td>(১) ইন্টার্নশীপ প্রদানের ক্ষেত্র/বিষয় বাছাই করে নিতে হবে, যাতে করে ইন্টার্নগণ তাদের মেধা ও দক্ষতা কাজে লাগিয়ে ইনোভেটিভ কোনো আইডিয়া সৃষ্টি করতে পারে।<br>(২) নিয়োগপ্রাপ্ত ইন্টার্নদের ইনোভেটিভ ও দক্ষ সুপার ভাইজারের অধীনে কাজ করার সুযোগ প্রদান করতে</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (বৈদেশিক সহায়তা শাখা) /ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | হবে।<br>(৩) মন্ত্রণালয় হতে দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ কার্যক্রম তদারকি করতে হবে। | |
| | **খ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তবে অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যয় কমানোর বিষয়ে অর্থ বিভাগের নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনে ব্যয় সাশ্রয়ের বিষয়ে অর্থ বিভাগের নির্দেশনা অনুসরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ) |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালু:**<br>ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর প্রস্তাবের উপর গত ২৫.০১.২০২৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে সংশোধন কার্যক্রম চলমান। | ইলেকট্রিক্যাল বিভাগ চালুর প্রস্তাব সংশোধন করে সওজ অধিদপ্তর হতে আগামী ২৫.০৪.২০২৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কে নির্ভরতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা, স্টেক হোল্ডার ও বিশিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে সড়ক ভবনে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উক্ত সেমিনারে সওজ এর প্রস্তাবিত পরিকল্পনার উপর বিশিষ্ট জনেরা বিভিন্ন মতামত ও পরামর্শ প্রদান করেন। মতামত ও পরামর্শ অনুযায়ী পরিকল্পনা প্রণয়নের কাজ চলমান আছে। | বিভিন্ন দপ্তর/সংস্থা, স্টেক হোল্ডার বিশিষ্ট ব্যক্তিবর্গদের পরামর্শ ও মতামতের আলোকে Multimodal Transport System স্থাপন বিষয়ে এপ্রিল ২০২৬ এর মধ্যে পরিকল্পনা প্রণয়ন করেতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **চ. অন্যান্য আলোচনা**<br>(১) আওতাধীন দপ্তর/সংস্থায় কোন কোন খাতে সরকারের রাজস্ব আদায় হয়। রাজস্ব আদায় বাড়াতে কি ধরণের পদক্ষেপ নেয়া প্রয়োজন বিস্তারিত বিষয় নিয়ে ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে বাজেট শাখা হতে একটি সভা আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) আওতাধীন দপ্তর/সংস্থার রাজস্ব আদায় বিষয়ে ১৫ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে একটি সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/যুগ্মসচিব (বাজেট ও অডিট) |
| | (২) কাজের একঘেয়িমতা কাটানো, শারীরিক ও মানসিক উজ্জীবতা আনার লক্ষ্যে এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ছোট পরিসরে ঢাকার ভিতরে একটি বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভাপতি মত ব্যক্ত করেন। এ বিষয়ে ভেন্যু খোঁজাসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠনের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করা হয়। | (২) বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে কমিটি গঠন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন) |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৮.০৪.২০২৬
ড. মোহাম্মদ জিয়াউল হক
সচিব

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-১৩৩

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৩. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১২. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৪. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
১৭. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

২৮.০৪.২৬

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
☏২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd